

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-এইচইডি/প্রশঃ/ইনোভেশন/২২৪/২০১৫/৮৪৪

তারিখ : ২৯/০৩/২০১৭

বিষয় : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুন্দাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

জাতীয় শুন্দাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্য স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন কমিটির গত ২৮/০৩/২০১৭  
খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৬  
২৯/০৩/২০১৭  
( এ.কে.এম আমিনুল ইসলাম )  
পরিচালক (উপ-সচিব)  
ও  
ইনোভেশন অফিসার  
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

বিতরণ :

কার্যক্রম :

- ১। জনাব মোঃ আলমগীর কবির, নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ২। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়।
- ৩। জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৪। জনাব আয়েশা মাহেনুর আফরোজ, সহকারী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৫। জনাব মুহম্মদ আসাদুল্লাহ, এষ্টিমেটর (তড়িৎ), এইচইডি, ঢাকা সিটি বিভাগ।
- ৬। জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব বক্ষণ কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৭। জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ : জনাব মোহাম্মদ নাসির উদ্দিন, উপ-সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএনএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪।
- ৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প ব্যবস্থাপনা ১/২, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, ..... (সকল) বিভাগ।
- ৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুন্দাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এ কে এম আমিনুল ইসলাম  
পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।  
সভার স্থান : সভাকক্ষ, ইইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।  
সভার তারিখ ও সময় : ২৮/০৩/২০১৭ খ্রিঃ, সময় : ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্তুষ্টিপূর্ণ সন্মিলিত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে তিনি সভার পটভূমি তুলে ধরেন। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, ইইচইডি, প্রধান কার্যালয় কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার সভাকে জানান যে, গত ২০/০২/২০১৭ খ্রিঃ তারিখে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৩। সভায় জানানো হয় যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০১৭ সালের জাতীয় শুন্দাচার কৌশল কর্ম পরিকল্পনায় উদ্ভাবনী উদ্যোগ হিসেবে মোট ৮টি এ্যাকশন আইটেম হাতে নেয়া হয়েছে। এর মধ্যে ৪টি এ্যাকশন আইটেমের কাজ আংশিকভাবে চালু হয়েছে। ইনোভেশন টিমের মাসিক সভায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জন্য উদ্ভাবন বিষয়ে মাঠ পর্যায়কে গুরুত্ব দিয়ে আলোচনা হয়। উক্ত আলোচনায় কমিটির সদস্য জনাব মোঃ আলমগীর কবির, নিবাহী প্রকৌশলী, অংশগ্রহণ করেন।

৪। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে গত ২২/০৩/২০১৭ তারিখে SMS Broadcasting Service চালু করা হয়েছে। এতে অফিসের সংশ্লিষ্ট সকলের সহিত যোগাযোগের ক্ষেত্রে এক ধাপ উন্নয়ন হয়েছে বলে সভায় আলোচনা করা হয়।

৫। সভায় বিস্তারিত আলোচনাতে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- (ক) SMS Broadcasting Service-কে অফিসের ব্যাপক পরিসরে কাজে লাগানোর বিষয়ে সিদ্ধান্ত হয়।
- (খ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে বিশেষ করে সার্কেল পর্যায়ে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত হয়।
- (গ) কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে ইনোভেশন সম্পর্কিত যাবতীয় কাজ শেষ করতে হবে।

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

—  
২৮/০৩/২০১৭  
এ কে এম আমিনুল ইসলাম  
পরিচালক (উপ-সচিব)

ও  
ইনোভেশন অফিসার  
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।